

বিসমিল্লাহির রাহমানির রাহিম

৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : তোরাবগঞ্জ, উপজেলা : কমলনগর, জেলা : লক্ষ্মীপুর।

Email: up_charlawrence@lgsplgd.gov.bd.web:charlorenchup.lakshmipur.gov.bd

স্মারক নং-

তারিখঃ-১০/০২/২০২২খ্রিঃ

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার

কমলনগর, লক্ষ্মীপুর।

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দ (বিবিজি) ১ম কিস্তি, ২য় কিস্তির আওতায় প্রকল্প দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-৪৬.০১৮.১৯৯.০৩.০১.৫৮৩.২০২২-৪৪৮, তারিখ : ০৩/০২/২০২২ খ্রিঃ

জনাব,

উপরোক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অত্র ইউনিয়নের ২০২১-২০২২ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে মৌলিক খোক বরাদ্দ (বিবিজি) ১ম কিস্তি বাবদ ৩৯০৮০০/-, ২য় কিস্তি বাবদ ৩৯০৮০০/- মোট ৭৮১৬০০/-টাকার অনুকূলে প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রকল্পগুলো বিজিসিসি এর অনুমোদনের জন্য দাখিল করিলাম।

এ.কে.এম নুরুল আমিন

চেয়ারম্যান

৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ

কমলনগর, লক্ষ্মীপুর।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : তোরাবগঞ্জ, উপজেলা : কমলনগর, জেলা : লক্ষ্মীপুর।

Email: up_charlawrence@lgsplgd.gov.bd.web:charlorenchup.lakshmipur.gov.bd

স্মারক নং-

তারিখঃ-১০/০২/২০২২খ্রিঃ

বিবিজি দ্বারা বাস্তবায়নযোগ্য ১ম কিস্তির প্রকল্প তালিকা ও বরাদ্দের পরিমান :

ক্র:নং	প্রকল্পের নাম	প্রকল্পের অবস্থান	বরাদ্দের পরিমান	খাত	মন্তব্য
১	উভতিয়া সমাজে গণশৌচাগার নির্মাণ	৯নং ওয়ার্ড	২০০০০০/-	পয়ঃ নিষ্কাশন	বিবিজি ১ম কিস্তি
২	জামাল মেম্বারের বাড়ীর পার্শ্বে গণশৌচাগার নির্মাণ	৮নং ওয়ার্ড	১৯০৮০০/-	পয়ঃ নিষ্কাশন	বিবিজি ১ম কিস্তি
সর্বমোট=			৩৯০৮০০/-		

বিবিজি দ্বারা বাস্তবায়নযোগ্য ২য় কিস্তির প্রকল্প তালিকা ও বরাদ্দের পরিমান :

ক্র:নং	প্রকল্পের নাম	প্রকল্পের অবস্থান	বরাদ্দের পরিমান	খাত	মন্তব্য
১	৯নং ওয়ার্ডে এমপির খালপাড় রোডে কালভার্ট নির্মাণ	৯নং ওয়ার্ড	২০০০০০/-	যোগাযোগ	বিবিজি ২য় কিস্তি
২	মেজর মন্থান রোডে কালভার্ট নির্মাণ	৭নং ওয়ার্ড	১৯০৮০০/-	যোগাযোগ	বিবিজি ২য় কিস্তি
সর্বমোট=			৩৯০৮০০/-		

এ.কে.এম নূরুল আমিন

চেয়ারম্যান

৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ

কমলনগর, লক্ষ্মীপুর।

ইউনিয়ন পরিষদের মাসিক সভার প্রয়োজনীয় অংশের অনুলিপি।

সভার স্থান : ৩নং চর লরেঞ্চ ইউপি কার্যালয়।

সভার তারিখ : ১০/০২/২০২২ খ্রিঃ, সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য গণের স্বাক্ষর পরিশিষ্ট “ক”

আলোচ্যসূচি :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। প্যানেল চেয়ারম্যান গঠন সংক্রান্ত আলোচনা।
- ০৩। উন্মুক্ত ওয়ার্ড সভা বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
- ০৪। হোল্ডিং ট্যাক্স আদায় সম্পর্কে আলোচনা।
- ০৫। ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল প্রকল্প সম্পর্কে আলোচনা।
- ০৬। জিসিপি অনুমোদন।
- ০৭। বিবিধ।

সিদ্ধান্ত সমূহঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ সভার সভাপতি অত্র সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন রূপ সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।
- ০২। প্যানেল চেয়ারম্যান গঠন সংক্রান্ত আলোচনাঃ সভার সভাপতি সাহেব জানান যে ইউনিয়ন পরিষদ আইন অনুযায়ী ১ম সভার ১মাসের মধ্যে প্যানেল চেয়ারম্যান গঠন করার আইনগত বিধান রয়েছে। সে অনুযায়ী আমাদের ১ম সভার ১মাস পার হয়ে গেছে। এই বিষয় নিয়ে ব্যাপক আলোচনা হয়। আলোচনা শেষে সভাপতি সাহেব জানান যে, প্যানেল চেয়ারম্যান ইউনিয়ন পরিষদের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় যাহা ইউনিয়ন পরিষদের সদস্য/সদস্যদের মধ্য হতে নির্বাচিত হইবে। এরপর সভাপতি জানান যে, সদস্যদের মধ্য হতে যাহারা প্যানেল চেয়ারম্যান হইতে ইচ্ছুক তাহারা আগামী মাসিক সভায় উপস্থাপন করবেন। আমরা আগামী ১০-০৩-২০২২খ্রিঃ তারিখে মাসিক সভায় প্যানেল চেয়ারম্যান গঠন করবো। উক্ত সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।
- ০৩। উন্মুক্ত ওয়ার্ড সভা বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ সভার সভাপতি সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদ আইন অনুযায়ী বছরে ২টি ওয়ার্ড সভা করার নিয়ম ওয়ার্ড সভা থেকে উপস্থাপিত প্রকল্প তালিকা অতি দ্রুত ইউনিয়ন পরিষদে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হইলো। এই ব্যাপারে ব্যাপক আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত তারিখ ও সময়ে উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হইবে।

ওয়ার্ড নং	সভার তারিখ	সভা শুরুর সময়	সভার স্থান	মন্তব্য
১নং ওয়ার্ড	১২-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	১নং ওয়ার্ড কমিউনিটি ক্লিনিকের সামনে।	
২নং ওয়ার্ড	১৪-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	নজির হাজীর মাঠ।	
৩নং ওয়ার্ড	১৫-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	আশ্রাফ আলী সওদাগর জামে মসজিদ।	
৪নং ওয়ার্ড	১৩-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	মুসলিম পাড়া মসজিদের সামনে।	
৫নং ওয়ার্ড	১৬-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	উদায়ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনে।	
৬নং ওয়ার্ড	১৭-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	গ্লোবাল স্কুল এন্ড কলেজের সামনে।	
৭নং ওয়ার্ড	১৯-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	হায়দার আলীর মুন্সী স্কুল সামনে।	
৮নং ওয়ার্ড	২২-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	মারফত উল্যাহ জামে মসজিদের সামনে।	
৯নং ওয়ার্ড	২০-০২-২০২২	বিকাল ৪.০০ঘটিকা	মুসার বাপের স্কুলের সামনে।	

০৪। হোল্ডিং ট্যাক্স আদায় সম্পর্কে আলোচনাঃ সভার সভাপতি সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদ কর তফসিল আইন ২০১৩ অনুযায়ী আমাদের হোল্ডিং ট্যাক্স আদায় করতে হবে। যেহেতু আমাদের গত ৬ বছর কোন প্রকার হোল্ডিং ট্যাক্স আদায় হয় নাই। নদী ভাঙ্গার কারণে আমাদের এলাকায় নতুন জনগণ বৃদ্ধি পেয়েছে। তাই আমাদের নতুনভাবে এ্যাসেসমেন্ট করে সঠিক খানা নির্ধারণ করে বিগত ৫ বছরের বকেয়া হোল্ডিং ট্যাক্স আদায় করতে হবে। এই ব্যাপারে ব্যাপক আলোচনা হয়। আলোচনা শেষে সিদ্ধান্ত হয় যে, এনজিও দ্বারা নতুন করে এ্যাসেসমেন্ট করে ট্যাক্স আদায় করতে হবে। এনজিও কে ২০% কমিশন দেওয়ার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

০৫। ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল প্রকল্প সম্পর্কে আলোচনাঃ চেয়ারম্যান সাহেব জানান যে, আমাদের ইউপি অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল (বিবিজি ১ম কিস্তি) বাবদ ৩,৯০,৮০০/- এবং ২য় কিস্তি বাবদ ৩,৯০,৮০০/- টাকা সর্বমোট ৭৮১,৬০০/- টাকা পাওয়া গিয়াছে। এই ব্যাপারে ব্যাপক আলোচনা হয়। আলোচনা শেষে অতি প্রয়োজনীয় নিয়োক্ত প্রকল্প সমূহ সর্ব সম্মতিক্রমে সভায় গৃহীত হয়।

বিবিজি দ্বারা বাস্তবায়নযোগ্য ১ম কিস্তির প্রকল্প তালিকা ও বরাদ্দের পরিমাণ :

ক্র:নং	প্রকল্পের নাম	প্রকল্পের অবস্থান	বরাদ্দের পরিমাণ	খাত	মন্তব্য
১	উভতিয়া সমাজে গণশৌচাগার নির্মাণ	৯নং ওয়ার্ড	২০০০০০/-	পয়ঃ নিষ্কাশন	বিবিজি ১ম কিস্তি
২	জামাল মেম্বারের বাড়ীর পার্শ্বে গণশৌচাগার নির্মাণ	৮নং ওয়ার্ড	১৯০৮০০/-	পয়ঃ নিষ্কাশন	বিবিজি ১ম কিস্তি
সর্বমোট=			৩৯০৮০০/-		

বিবিজি দ্বারা বাস্তবায়নযোগ্য ২য় কিস্তির প্রকল্প তালিকা ও বরাদ্দের পরিমাণ :

ক্র:নং	প্রকল্পের নাম	প্রকল্পের অবস্থান	বরাদ্দের পরিমাণ	খাত	মন্তব্য
১	৯নং ওয়ার্ডে এমপির খালপাড় রোডে কালভার্ট নির্মাণ	৯নং ওয়ার্ড	২০০০০০/-	যোগাযোগ	বিবিজি ২য় কিস্তি
২	মেজর মনান রোডে কালভার্ট নির্মাণ	৭নং ওয়ার্ড	১৯০৮০০/-	যোগাযোগ	বিবিজি ২য় কিস্তি
সর্বমোট=			৩৯০৮০০/-		

০৬। জিসিপিএ অনুমোদনঃ সভায় জিসিপিএ নিয়ে ব্যাপক আলোচনা হয়। আলোচনা শেষে জিসিপিএ সভায় গৃহীত হয়।

০৭। বিবিধঃ এরপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

এ.কে.এম নুরুল আমিন

চেয়ারম্যান

৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ

কমলনগর, লক্ষ্মীপুর।